# বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০, ফোনঃ ০২-২২৩৩৮৪১৫৯
ই-মেইলঃ info@bnmc.gov.bd ওয়েবসাইটঃ www.bnmc.gov.bd


স্মারক নং-বিএনএমসি/প্রশা-৩৪(অংশ-৩)/২০২২-৫৬৯ তারিখঃ ০২ জুন ২০২২ খ্রিঃ

## ভর্তি সংক্রান্ত নির্দেশনা

নার্সিং ও মিডওয়াইফারি কোর্সে ২০২১-২২শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নিম্নোক্ত শর্তাবলি/নিয়মাবলি অনুসরণপূর্বক ভর্তির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

ভর্তির নিয়মাবলি/শর্তাবলি:

১.ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবেঃ

(ক) শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি;

(খ) শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডশিট/মার্কশিট এর মূলকপি;

(গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত (প্রথম শ্রেণির কর্মকর্তার নামসহ সীল মোহর) রঙ্গিন ছবি।

(ঘ) মুক্তিযোদ্ধা কোটায় (মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের) সংরক্ষিত আসনের জন্য সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী ও সচিব স্বাক্ষরিত সনদপত্র বা ১৯৯৭ থেকে ২০01 সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রদত্তও তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতি স্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত কপি;

(ঙ) বর্ণিত কোর্সে আবেদনের ডাউনলোডকৃত রঙ্গিন ছবি সম্বলিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং ফলাফলের কপি;

(চ) উম্মুক্ত বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড ও অন্যান্য কারিকুলাম হতে পাশকৃত নির্বাচিত প্রার্থীগণ এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার সনদপত্রসমূহ নিজ দায়িত্বে বোর্ড/বিশ্ববিদ্যালয় হতে সঠিকতা যাচাই (ভেরিফাই) করে কোর্সে ভর্তি হবেন;

(ছ) সরকারি প্রতিষ্ঠানে জেলা কোটায় ভর্তির সুযোগ প্রাপ্তদের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর নিকট হতে গৃহীত নাগরিকত্ব সনদ ও জন্ম নিবন্ধনপত্র অনলাইন কপি সত্যায়িত করে দাখিল করতে হবে।

(জ) প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হলে ভর্তি হতে পারবেন।

(ঝ) ভর্তি পরীক্ষার আবেদনের সময় প্রদত্ত তথ্যের সাথে ভর্তির সময় প্রদত্ত তথ্যের গড়মিল অথবা ভুল/অসত্য তথ্য প্রদান করে ভর্তি হলে যে কোন সময় ভর্তি বাতিল করা হবে।

**ভর্তি ও ক্লাস জন্য নির্ধারিত সময়সূচীঃ**

| বিষয় | তারিখ |
|---|---|
| সরকারি নার্সিং কলেজ/ইন্সটিটিউট শিক্ষার্থী ভর্তি শুরু | ০৭/০৬/২০২২ খ্রিঃ মঙ্গলবার |
| সরকারি নার্সিং কলেজ/ইন্সটিটিউট শিক্ষার্থী ভর্তি শেষ | ২১/০৬/২০২২ খ্রিঃ মঙ্গলবার |
| স্ব স্ব নার্সিং বেসরকারি কলেজ/ইন্সটিটিউট কর্তৃক ভর্তির দরখাস্ত আহবান | ১৪/০৬/২০২২ খ্রিঃ রবিবার |
| বেসরকারি কলেজ/ইন্সটিটিউট ভর্তি কার্যক্রম শুরু | ২৪/০৬/২০২২ খ্রিঃ সোমবার |
| সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে একযোগে ক্লাশ শুরু | ০১/০৮/২০২২ খ্রিঃ সোমবার |

২.সরকারি প্রতিষ্ঠানে ভর্তি প্রক্রিয়াঃ

(ক) উপরোক্ত কাগজপত্র পরিস্কারভাবে স্ক্যান করে jpg অথবা .pdf ফরমেটে কম্পিউটারে সংরক্ষণ করে নিতে হবে, প্রতিটি ফাইলের সাইজ ১ মেগাবাইট (1MB) এর কম হতে হবে।

(খ) www.bnmc.gov.bd ওয়েবসাইট হতে ভর্তি পরীক্ষার ফলাফল অপশনে প্রবেশ করে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র উল্লিখিত রোল এবং সিরিয়াল নম্বর দিয়ে view result বাটনে ক্লিককরলে ফলাফল দেখা যাবে।

(গ)সরকারি প্রতিষ্ঠানে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ক্ষেত্রে ফলাফলের নিচে Admission বাটন দেখাবে, সেখানে ক্লিক করলে ভর্তি পরীক্ষার ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে ভর্তির ফরমে প্রবেশ করতে হবে।

(ঘ) ভর্তির ফরমে আবেদনের সময় প্রদত্ত তথ্য এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর দেখাবে। সেখানে কিছু সংখ্যক ঘর ব্লক থাকবে, যেমনঃ প্রবেশপত্রে ব্যবহৃত ছবি, ভর্তি পরীক্ষার রোল, প্রাপ্ত নম্বর, মেধাক্রম (মেরিট পজিশন), ইংরেজি নাম, পিতার নাম, মাতার নাম, প্রতিষ্ঠানের নাম, কোর্স, নিজ জেলা ইত্যাদি (তথ্য পরিবর্তন করার সুযোগ থাকবে না)।

(ঙ) ফরমে নতুন করে কিছু তথ্য হালানাগাদকরার প্রয়োজন হবে, যেমনঃ জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন নম্বর বা জন্মসনদ, মোবাইল নম্বর, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানার কিছু অংশ ইত্যাদি।

(চ) ফরমের নিচের অংশে প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করার ঘর থাকবে। পূর্ব স্ক্যানকৃত ফাইলসমূহ আপলোড করা শেষ হলে Submit বাঁটনে ক্লিক করে আবেদনের কপি প্রিন্ট নিতে হবে। প্রিন্ট করতে ব্যর্থ হলে একই প্রক্রিয়ায় আবার ফরমে প্রবেশ করে প্রিন্ট ফরম বাঁটনে ক্লিক করে পুনরায় আবেদন ফরম প্রিন্ট করা যাবে।

(ছ) প্রিন্টকৃত আবেদন ফরমের দ্বিতীয় পৃষ্ঠার নিচে Applicant Signature অংশে শিক্ষার্থী স্বাক্ষর করে ভর্তির জন্য নির্ধারিত প্রতিষ্ঠানে জমা দিতে হবে।

৩. নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক নির্ধারিত নিয়মে ফি প্রদান করে ভর্তি সম্পন্ন করতে হবে।

**৪.সরকারি নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য নির্দেশনাঃ**

(ক) শিক্ষার্থী কর্তৃক জমাকৃত ফরম কাউন্সিলের ডাটাবেস সফটওয়্যারে গোপনীয় ইউজার আইডি ও পাসওয়ার্ডের মাধ্যমে ড্রাফট অবস্থায় দেখা যাবে। ভালোভাবে ফরমে ছবি প্রবেশপত্রের সাথে ও তথ্য যাচাই করে ফরমের এক কপি বর্ণিত কাগজপত্র ও এক কপি ছবি স্ট্যাপলারের মাধ্যমে ফরমে সংযুক্ত করতে হবে।

(খ) শিক্ষার্থী নিবন্ধন (স্টুডেন্ট রেজিস্ট্রেশন) ফি প্রেরণ সংক্রান্ত নির্দেশনা পরবর্তীতে প্রকাশ করা হবে।

(গ) ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা নিম্নোক্ত ছকে, যদি আসন খালি থাকে সে তথ্য উল্লেখপূর্বকপত্র স্ক্যান করে অবশ্যই জরুরী ভিত্তিতে bnmc.admission@gmail.com ই-মেইলে ২৩/০৬/২০২২ খ্রিঃ বৃহস্পতিবার দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে প্রেরণ করতে হবে।

| ক্রম | ভর্তি পরীক্ষার রোল | নাম | পিতার নাম | মাতার নাম | কোটা (জেলা/মুক্তিযোদ্ধা) |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৫. ভর্তিকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশনের জন্য (প্রতিষ্ঠান পরিবর্তন) নির্দেশনা পরবর্তীতে প্রকাশ করা হবে।

ভর্তি ফরমপূরণকালে কাউন্সিলের কম্পিউটার অপারেটর জনাব শায়লা সমাপ্তি কিরণ ০১৫৫০৬৯৯৩০১/ জনাব আব্দুর রহিম মিয়া ০১৫৫০৬৯৯৩০১ নম্বরে আইটি সহায়তা পাওয়া যবে।

**৬. বেসরকারি প্রতিষ্ঠানের জন্য উত্তীর্ণ (Eligible) প্রার্থীর ভর্তি নির্দেশনাঃ**

ফলাফলের ভিত্তিতে উত্তীর্ণ (Eligible) প্রার্থীরা পছন্দমত বেসরকারি প্রতিষ্ঠানে আসন শূণ্য থাকা সাপেক্ষে ভর্তির সুযোগ পাবে। বেসরকারি ও স্বায়ততশাসিত প্রতিষ্ঠানের স্টুডেন্ট রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি পরবর্তীতে কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

02.06.2022

রাশিদা আক্তার
রেজিস্ট্রার (অঃ দাঃ)
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

সদয় অবগতি ও কার্যার্থেঃ

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (দৃঃআঃ উপসচিব, নার্সিংশিক্ষা)।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (মহোদয়কে সরকারি প্রতিষ্ঠানে ভর্তি কার্যসম্পাদনের পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে)
৩. অধ্যক্ষ/নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং কলেজ/ইনস্টিটিউট (সকল) . . . . . . . . . . . . . . . . . . .
৪. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের নির্দেশসহ)।
৫. হিসাব শাখা, বিএনএমসি।
৬. ভর্তি ফরম পূরণে ফোনে সহায়তার নির্দেশসহ কম্পিউটার অপারেটর জনাব শায়লা সমাপ্তি কিরণ ও জনাব আব্দুর রহিম মিয়া।
৭. জনাব/ বেগম . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .